



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি অনুবিভাগ
বিধি-১ শাখা
www.mopa.gov.bd



স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৭০.১৫.০২৭.১৯.১০১

তারিখ: ৪ শ্রাবণ ১৪২৯

১৯ জুলাই ২০২২

বিষয়: উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের সিলেকশন গ্রেড/ টাইমস্কেল প্রদানের ক্ষেত্রে 'চাকুরিকাল গণনা' বিষয়টি স্পষ্টীকরণ।

সূত্র: (১) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর স্মারক নং ০৪.০০.০০০০.০৩১.১২.০৪৫.২০-১৫, তারিখ: ২৬/০৬/২০২২ খ্রি.;
(২) জনপ্রশাসন মন্ত্রণালয় এর স্মারক নং: ০৫.০০.০০০০.১৭০.১৫.০২৭.১৯.১৬; তারিখ: ০৬ জুলাই, ২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব (১) নং স্মারকের পরিপ্রেক্ষিতে সূত্রস্ব (২) নং স্মারক বাতিলপূর্বক নির্দেশক্রমে মতামত দেয়া যাচ্ছে যে, অর্থ বিভাগের ১৩/০৬/২০১০ খ্রি. তারিখের অম/অবি/বাস্ত-৩/টা:স্কেল (উন্নয়ন প্রকল্প)-১/২০০৮/১২০ নং পত্রের নির্দেশনা অনুযায়ী যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত কর্মকর্তা/কর্মচারীগণ যে তারিখে রাজস্বখাতে স্থানান্তরিত হয়েছে সে তারিখ থেকে চাকুরিকাল গণনা করে প্রাপ্যতা সাপেক্ষে ১৪ ডিসেম্বর, ২০১৫ খ্রি. তারিখ পর্যন্ত উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড প্রাপ্য হবেন। তবে চাকুরি (বেতন-ভাতাদি) আদেশ, ২০১৫ গেজেটে প্রকাশের তারিখ অর্থাৎ ১৫ ডিসেম্বর, ২০১৫ খ্রি. তারিখ বা তৎপরবর্তী সময়ে প্রাপ্যতা অর্জন করলে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর স্পষ্টীকরণ সংক্রান্ত ১১ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের ২৩২ নম্বর পরিপত্রের 'অনুচ্ছেদ-গ' অনুযায়ী উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন।

১৯-৭-২০২২

মো: ফরিদুর রহমান

উপসচিব

ফোন: ৯৫১৫৫৫২

সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
ঢাকা।

ইমেইল: reg1@mopa.gov.bd